

হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৯. জাল হাদীস চিহ্নিতকরণে বাঙালী আলিমগণ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ২. ৪. ৬. গুনইয়াতুতালিবীন

শাইখ আব্দুল কাদির জীলানী (৫৬১ হি) রচিত 'গুনইয়াতুত তালিবীন' গ্রন্থের বিভিন্ন হাদীসকে জাল বলে চিহ্নিত করেছেন আল্লামা আবৃ জাফর সিদ্দিকী। যেমন 'সাপ্তাহের প্রতি দিন ও রাতের সালাত বিষয়ক হাদীস... জুমুআর রাতে ১২ রাকআত সালাত ১০ বার করে সূরা ইখলাস। এ প্রকারের হাদীস বাতিল।...', 'দশবার- অন্য বর্ণনায় ৫০ বার- করে সূরা যিল্যাল দিয়ে দু রাকআত ...এ হাদীস মুনকার ও বাতিল.', 'যে ব্যক্তি রজব মাসে একদিন সিয়াম পালন করবে আল্লাহ তার জন্য এক হাজার বৎসরের সিয়াম লিপিবদ্ধ করবেন', 'আল্লাহ আশূরার দিন আসমান-যমীন সৃষ্টি করেছেন', 'আল্লাহ আরশ সৃষ্টি করেন আশুরার দিনে, কুরসী সৃষ্টি করেন আশুরার দিনে, কলম সৃষ্টি করেন আশুরার দিনে, জান্নাত সৃষ্টি করেন আশুরার দিনে, আদমকে জান্নাতে অবস্থান করান আশুরার দিনে... লম্বা ফিরিস্তির শেষে বলেন ... রাসূলুল্লাহ শুভ্র জন্মলাভ করেন আশুরার দিনে, আল্লাহ আরশের উপর অধিষ্ঠিত হন আশুরার দিনে এবং কিয়ামত দিবস হবে আশুরার দিনে' ইত্যাদি।[1]

ফুটনোট

[1] আবু জাফর সিদ্দিকী, প্রাগুক্ত: উর্দু, পূ. ১২-৯৯, বাংলা, পূ. ৪৪৩-৪৬০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4694

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন